

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
www.techedu.gov.bd

নোটিশ

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৫- ৬৬৭


তারিখঃ ১৫/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় : এমপিওভুক্ত বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের জুলাই/২০১৫খ্রিঃ থেকে ফেব্রুয়ারি/২০১৬খ্রিঃ পর্যন্ত প্রদানকৃত বকেয়া বিলের প্রত্যয়ন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জুলাই/২০১৫খ্রিঃ থেকে ফেব্রুয়ারি/২০১৬খ্রিঃ পর্যন্ত (৬+২) আট মাসের বকেয়া এমপিও বিল এপ্রিল ও মে/২০১৬খ্রিঃ মাসে প্রদান করা হয়েছে। সফটওয়্যার প্রোগ্রামিং/হিসাব জনিত ত্রুটির কারণে কিছু সংখ্যক পে-কোডে হিসাবের গড়মিল রয়েছে। অর্থনৈতিক ক্ষেত্রে শৃঙ্খলা আনয়নের জন্য উক্ত হিসাব সমন্বয় করা অতীব জরুরী। হিসাবের গড়মিল পরিলক্ষিত হওয়া মাত্রই উহা প্রতিষ্ঠান প্রধানদের টেলিফোনে অবহিত করা হয়েছে। উক্ত বিষয়ে সকলের অবগতির জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৫- ৩২২ তারিখঃ ০৮/০৬/২০১৬ খ্রিঃ মূলে একটি চিঠি প্রচার করা হয়েছে। কোন শিক্ষক/কর্মচারী প্রাপ্যতার অতিরিক্ত অর্থ উত্তোলন করিয়া থাকিলে উহা অবিলম্বে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন। (ট্রেজারী কোড: ১-২৫০১-০০০১-২৬৭১)

এমতাবস্থায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষরিত উত্তোলনকৃত বকেয়া বিলের এবং ট্রেজারী চালানোর (কোড নং-১-২৫০১-০০০১-২৬৭১) প্রমানপত্র আগামী ২০/০৬/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হলো। উল্লেখ্য বকেয়া বিলের ও অতিরিক্ত অর্থ জমাদানের চালানোর স্বাক্ষরিত সফট কপি dte_mpo@yahoo.com ঠিকানায় প্রেরণ করা যাবে। অর্থ বছরের শেষ বিবেচনায় বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অতীব জরুরী। প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহণকারী ব্যক্তি এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইতোমধ্যে যাহারা মে/২০১৬খ্রিঃ মাসের বেতন হতে বা বকেয়া বিল হতে সমন্বয় করেছেন তার প্রমানপত্র একইভাবে অধিদপ্তরে উক্ত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য বলা হলো।


(আ,ন,ম, সালাহ উদ্দীন-খান)
পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
টেলিফোন নম্বর: ৯১১০৯৩৮

বিতরণ:

- ১। সভাপতি, বেসরকারী সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (১৬২৬টি)।
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারী সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (১৬২৬টি)।

অনুলিপিঃ

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, অত্র দপ্তর (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। অফিস নথি